

(প্রেস বিজ্ঞপ্তি)

২৮ মে ২০২২

বরাইপাড়া খাল খনন কাজ পরিদর্শনকালে মেয়র  
২০২৩ সালের ডিসেম্বরের মধ্যে  
বরাইপাড়া খালের খনন কাজ সম্পন্ন হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নগরীর দুই-চারজন মানুষের জন্য পুরো নগরবাসী যুগ-যুগ ধরে জলাবদ্ধতার ভোগান্তিতে পড়ে থাকে এটা হতে পারে না। এখানকার সিংহভাগ মানুষ খাল-নালা-নর্দমা দখল করছে না। অল্পকিছু সংখ্যক মানুষ এতে জড়িত আমি তাদের নিজ উদ্যোগে অবৈধ স্থাপনা সরিয়ে নেয়ার পরামর্শ্য দিচ্ছি। অন্যথায় আমরা আইনানুগ ব্যবস্থা গ্রহণে বাধ্য হবো এবং নগরবাসীকে সচেতন হতে যাতে নালা-নর্দমায় ময়লা আবর্জনা না পড়ে। আমাদের গৃহস্থালীর ময়লা আবর্জনা যদি নালা-নর্দমায় না পড়ে তাহলে জলজট হবার সম্ভাবনা কমে আসবে। তিনি আজ শনিবার সকালে নগরীর বরাইপাড়া খাল খনন কাজ পরিদর্শনকালে একথা বলেন।

মেয়র আরো বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে বিশ্বের অনেক উন্নত দেশেও জলজট সৃষ্টি হচ্ছে। এশিয়াকে বিশ্বের বৃহৎ জনসংখ্যার দেশ হিসেবে চিহ্নিত করা হয়। বাংলাদেশ হচ্ছে এর মধ্যে অন্যতম এবং ভাটি এলাকা। এই বহুল জনগোষ্ঠীকে সচেতন করা ছাড়া যত বড় প্রকল্পই নেয়া হউক কোন কাজে আসবে না। তিনি বরাইপাড়া খালের কাজ দ্রুত সম্পন্ন করতে সংশ্লিষ্টদের নির্দেশনা দিয়ে বলেন, প্রধানমন্ত্রী চট্টগ্রামবাসীর প্রতি আন্তরিক হয়ে সম্পূর্ণ সরকারি ব্যয় বরাদ্দ দিয়েছেন। এ প্রকল্প বাস্তবায়নে আমাদের সকলকে কঠোর পরিশ্রম করতে হবে এবং আন্তরিক হতে হবে। মেয়র বলেন, ৬৫ ফুট প্রস্থ ও ২.৯ কিলোমিটার দৈর্ঘ্যের বরাইপাড়া খালের পুরো কাজ আগামী ডিসেম্বর ২৩ শেষ হবে বলে আশা ব্যক্ত করেন।

তিনি আরো বলেন, চসিকের নিজস্ব উদ্যোগে নগরীর ছোট-বড় সকল নালা-নর্দমা থেকে ময়লা-আবর্জনা ও মাটি উত্তোলন করে পরিষ্কার কার্যক্রম চালাচ্ছে। কিন্তু দুঃখ হলো পরিষ্কারের পরপরই জনসাধারণ নালায় পলিথিনসহ ময়লা আবর্জনা ফেলে আবার ভারট করছে। আশা করি এলাকাবাসী এব্যাপারে সচেতন হবেন। নিজের ঘর-বাড়ির আগুিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন এবং নালা-নর্দমায় কোন প্রকার ময়লা আবর্জনা ফেলা থেকে বিরত থাকবেন।

খাল পরিদর্শনকালে মেয়রের সাথে ছিলেন-ওয়ার্ড কাউন্সিলর এম. আশরাফুল আলম, সংরক্ষিত কাউন্সিলর শাহিন আক্তার রোজি, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম ও প্রকল্প পরিচালক প্রকৌশলী ফরহাদুল আলম প্রমুখ।

## চসিক প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শফিকুল মান্নান সিদ্দিকী যিশুর মৃত্যুতে সিটি মেয়রের শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শফিকুল মান্নান সিদ্দিকী যিশু আজ শনিবার সকালে নগরীর একটি বেসরকারি হাসপাতালে মৃত্যুবরণ করেন (ইন্সলিগ্লাহি ওয়াইন্না.....রাজেউন)। তিনি দীর্ঘ দিন যাবৎ দূরারোগ্য রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন ছিলেন। আজ বাদ জোহার তাঁর নামাজে জানাজা জাতীয় মসজিদ জমিয়তুল ফালাহ্ ময়দানে অনুষ্ঠিত হয়। জানাজায় সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী, সাবেক মেয়র আ.জ.ম নাছির উদ্দিন, চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, ওয়ার্ড কাউন্সিলর হাজী নুরুল হক, ছালেহ্ আহমদ চৌধুরী, কাজী নুরুল আমিন, আবুল হাসনাত মোহাম্মদ বেলাল, আবদুল মান্নান, আবদুস সালাম মাসুম, সচিব খালেদ মাহমুদ, চসিক সিবিএ সভাপতি ফরিদ আহমদ, সাধারণ সম্পাদক মো. মজিবুর রহমান, সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীগণসহ নগরীর রাজনৈতিক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী শফিকুল মান্নান সিদ্দিকী যিশুর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। তিনি মরহুমের রুহের মাগফেরাত কামনা করে শোক সন্তুষ্ট পরিবার পরিজনের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩